

সাদার নতুন নাম

ফাস্ট ওয়াশ

ডিটারজেন্ট পাউডার

রোদ-বৃষ্টির
সাজকৌশল

● সাইমা ইসলাম তন্দ্রা

যদিও গ্রীষ্ম এখনো শেষ হয়নি, তারপরও আবহাওয়া দেখে মনে হচ্ছে যেন আসি আসি করছে বর্ষা। মাঝে মাঝেই বৃষ্টিতে ভিজে যাচ্ছে নগরী। ছুট করে নামছে বৃষ্টি কিন্তু তাই বলে কি আর জীবন থেমে থাকছে। জীবনের তাগিদে নারী-পুরুষ নির্বিশেষে সবাইকেই ছুটতে হচ্ছে গন্তব্যে।

এমন অবস্থায় সাজসজ্জার ব্যাপার নিয়ে বিড়ম্বনায় পড়েন অনেক নারীই। কীভাবে সাজবেন বা কতটুকু সাজবেন এটা জানা না থাকার কারণে আচমকা বৃষ্টি নামলেই সাজ নষ্ট হয়ে যায়। একটু সতর্কতার সঙ্গে সাজলেই এ ঝামেলা এড়ানো সম্ভব।

মনে রাখবেন, অনেক বেশি সাজের জিনিস ব্যবহার না করাই ভালো। সব থেকে ভালো হবে মুখের ত্বকে ভারী কোনো ফাউন্ডেশনের বদলে সাধারণ ট্রান্সলুসেন্ট পাউডার ব্যবহার করা। এটা ব্যবহার করে বাইরে গিয়ে বৃষ্টির মাঝে পড়লেও মেকআপ নষ্ট হওয়ার আশঙ্কা কম থাকবে।

বেশি নজর দিন বরং চোখের সাজের দিকে। এমন বৃষ্টি-বাদলের দিনে সুন্দর করে চোখ সাজিয়ে নিতে পারলেই তা যথেষ্ট হবে মেকআপের ক্ষেত্রে। তবে অনেকেই দিনের বেলায় চোখে বেশি রঙিন মেকআপ করতে চান না। বৃষ্টির দিনে তো আরো নয়। আবার অনেকেই ভাবেন, আইলাইনার বা মাশকারা দিয়ে মেকআপ করলে নষ্ট হয়ে যাবে পানি লেগে। আবার অনেকে এটাও বুঝে উঠতে পারেন না যে, কী করে এসব সাদামাটা প্রসাধন ব্যবহারেই চোখ হয়ে উঠতে পারে ছিমছাম কিন্তু আকর্ষণীয়। আসুন, জেনে নেয়া যাক আইলাইনার দিয়ে চোখের মেকআপের কৌশল।

১. প্রথমেই বেছে নিন আপনার চোখের জন্য মানানসই একটি তুলি। তবে চিকন ব্রাশ হলেই ভালো। তাতে আপনার ভুল-ভ্রান্তি মেরামত করা সহজ হবে।

২. এবার আইলাইনারের তুলি দিয়ে আইলাইনারটি চোখের পাতার ওপরে বর্ডার ঘেঁষে লাগিয়ে নিন বা একটি রুপরেখা তৈরি করে নিন যে কতটা স্থানে আইলাইনার লাগাবেন।

৩. সেই টানা লাইনটি সুন্দর করে ভরাট করে নিন।

৪. এবার চোখের কোনা দিয়ে হালকা করে দাগ টেনে ওপরের দিকে উঠিয়ে নিন।

৫. টানা অংশটিও চোখের পাতার ওপরের অংশের মতো সুন্দর করে টেনে ভরাট করুন।

৬. আঁকা হয়ে গেলে এবার সুন্দর করে মাশকারা দিয়ে দিন চোখের পাতায়।

৭. যাদের চোখের পাপড়ি পাতলা, তারা মাশকারা পুরু করে লাগান। চাইলে হালকা করে কাজল বুলিয়ে নিতে পারেন চোখের কোণে।

ব্যস, হয়ে গেল সহজ ও সুন্দর চোখের সাজ, বৃষ্টির দিনের জন্য। তবে এ সাজের আগে অবশ্যই খেয়াল রাখবেন, আইলাইনার ও মাশকারা যেন পানিরোধক হয়। না হলে বৃষ্টির পানিতে সাজ নষ্ট হয়ে যাবে। ■

